# জুলাই/২০২১ মাসের মাসিক সভার কার্য বিবরণী

সভাপতিঃ মোঃ সোলায়মান বিশ্বাস
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টুঙ্গিপাড়া

সভার তারিখ ও সময়ঃ ২৯/০৭/২০২১, সকাল-১১.০০ ঘটিকা

স্থানঃ উপজেলা পরিষদ সভা কক্ষ।

উপস্থিত ব্যক্তিবর্গে র তালিকাঃপরিশিষ্ট "ক"

জনাব মোঃ সোলায়মান বিশ্বাস, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টুঙ্গিপাড়া এর সভাপতিত্বে জুলাই/২০২১ মাসের মাসিক সমন্বয় সভা উপজেলা পরিষদ সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভাপতির সম্মতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভা পরিচালনা করেন। অতঃপর পূর্ব বর্তী মাসের কার্য বিবরণী সকলকে পাঠ করে শুনানো হয়। কার্য বিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্ব সম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। অতঃপর বিভিন্ন দপ্তরের কর্ম কর্তাগণকে সমন্বয় সভায় তাদের বক্তব্য উপস্থাপনের আহবান জানান।

## উপজেলা প্রকৌশলীর কার্যালয়, টুঙ্গিপাড়া

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| সভায় উপজেলা প্রকৌশলী টুঙ্গিপাড়া জানান যে, টুঙ্গিপাড়া উপজেলা ডরমিটরী ভবনটি ২০১১-২০১২ অর্থ বছরে নির্মাণ করা হয় এবং উপজেলা পরিষদের গেজেটেড কোয়ার্টার ২০১৩ সালে নির্মিত হয়। নির্মান পরবর্তীতে ভবন দুইটিতে কোন সংস্কার কাজ করা হয়নি। বর্তমানে ভবন দুইটির পানির লাইন, স্যানেটারী লাইন, বৈদ্যুতিক লাইনসহ বিভিন্ন সংস্কার কাজ করা প্রয়োজন। সভায় তিনি আরও জানান যে, প্রতি বছর রাষ্ট্রীয় কর্মসূচীসহ বিভিন্ন উপলক্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী এই উপজেলায় আগমন করেন। একই সাথে বিভিন্ন দপ্তরের মন্ত্রী, প্রতিমন্ত্রীসহ সরকারি উচ্চ পদস্থ কর্ম কর্তাগণ এই উপজেলায় আগমন করেন। এ সকল উচ্চ পদস্থ কর্ম কর্তাগণ উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী এর কার্যালয়ে অবস্থান করেন। তাছাড়া মাননীয় প্রধানমন্ত্রীর আগমণ উপলক্ষে উপজেলা পরিষদ সভাকক্ষে বিভিন্ন নিরাপত্তাবাহিনী কর্তৃক সভা আহবান করা হয়। যে কারণে উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলীর কার্যালয়সহ সভাকক্ষের সৌন্দর্য্য বর্ধন কাজ করা প্রয়োজন। সভায় তিনি আরও জানান যে, মন্ত্রী, প্রতিমন্ত্রীসহ সরকারি উচ্চ পদস্থ কর্মকর্তাগণ টুঙ্গিপাড়া উপজেলায় অবস্থানকরা কালীন সময়ে তাঁদের সাথে আগত গাড়ীর ড্রাইভার ও অতিরিক্ত গাড়ীর ড্রাইভারদের থাকার জন্য কোন জায়গা নেই এবং অতিরিক্ত নিরাপত্তারক্ষিদের অবস্থানের জন্য কোন জায়গা নেই। গাড়ী চালক ও নিরাপত্তারক্ষিদের জন্য রুম নির্মাণ করা প্রয়োজন। একই সাথে গাড়ী রাখার জন্য গ্যারেজ নির্মাণ ও গাড়ীচালক ও গার্ড দের জন্য ওয়েটিং রুম নির্মাণ করা প্রয়োজন। সভায় তিনি আরও জানান যে, উপজেলা নির্বাহী অফিসার এর নিরাপত্তার জন্য আনছার নিয়োগ দেওয়া হয়েছে কিন্তু আনছারদের থাকার জন্য কোন ব্যবস্থা নেই। এমতাবস্থায়, আনছারদের জন্য একটি আনছার ভিডিপি হোস্টেল নির্মাণ করা প্রয়োজন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | **সিদ্ধান্তঃ** উল্লেখিত নির্মাণ ও সংস্কার কাজের প্রাক্কলন প্রস্তুত করার জন্য উপজেলা প্রকৌশলী, টুঙ্গিপাড়াকে অনুরোধ জানান এবং এই সভার কার্য বিবরণীসহ নির্মান ও সংস্কার কাজের প্রাক্কলন উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট প্রেরণের জন্য অনুরোধ জানান। | ১। উপজেলা নির্বাহী অফিসার, টুঙ্গিপাড়া<br>২। উপজেলা প্রকৌশলী, টুঙ্গিপাড়া। |

## উপজেলা হিসাব রক্ষণ কর্ম কর্তার কার্যালয়, টুঙ্গিপাড়া

| | | |
|---|---|---|
| সভায় উপজেলা হিসাব রক্ষণ কর্ম কর্তা, টুঙ্গিপাড়া জানান যে, বর্তমানে সকল বেতন আইবাসে করতে হয়। অনেক সময় ইন্টারনেটের সমস্যা হয়। যে কারণে মাসের শুরুতে বেতন মাঝে মধ্যে সম্ভব হয় না। তাই সকল দপ্তরের বেতন বিল প্রতি মাসের ২০ তারিখের মধ্যে দাখিল করার জন্য অনুরোধ জানান। | সিদ্ধান্তঃ প্রতি মাসের ২০ তারিখের মধ্যে বেতন/বিল দাখিলের জন্য অনুরোধ জানান। | সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধানগণ। |

## উপজেলা সমবায় কর্ম কর্তার কার্য ালয়,টুঙ্গিপাড়া

| | | |
|---|---|---|
| সভায় উপজেলা সমবায় কর্ম কর্ত, টুঙ্গিপাড়া জানান যে; দেশের বিভিন্ন স্থানে সমবায় বিভাগের নিবন্ধন বিহীন বহুমুখী/ মাল্টিপারপাস সমিতির নামে সঞ্চয় সংগ্রহ ও লোন কার্য ক্রম পরিচালনা করছে। টুঙ্গিপাড়া উপজেলায় এ ধরণের কোন প্রতিষ্ঠান উপজেলা সমবায় কার্য ালয়ের নজর এড়িয়ে কার্য ক্রম পরিচালনা করে থাকলে, উপজেলা সমবায় বিভাগকে অবহিত করতে অনুরোধ জানান। সভায় তিনি আরও জানান যে; দুগ্ধ উন্নয়ন প্রকল্পের আওতায় এই উপজেলায় ১৬৬ জন দুগ্ধ খামারীকে ০৩ (তিন) বছর মেয়াদী ১৩৭,৫০,০০০/= (এক কোটি সাইত্রিশ লক্ষ পঞ্চাশ হাজার টাকা সুদ বিহীন ঋণ দাদন করা হয়েছিল। বর্ত মান মাস পর্য ন্তঋণ আদায়ের পরিমাণ- ৩৫৪৫০০০/= টাকা। মাননীয় প্রধানমন্ত্রীর কার্য ালয়ের আওতায় বাস্তবায়নাধীন আশ্রয়ন প্রকল্প ফেইজ ২ এর অধীনে উপজেলা সমবায় দপ্তর, টুঙ্গিপাড়া এর আওতায় নিবন্ধিত ০২টি সমিতিতে ৬৮ জন সদস্যকে ৭,১০,০০০/= টাকা ঋণ দাদন করা হয়েছে। বর্ত মান মাস পর্যন্ত আদায়- ৩৩১১০০/=। সুবিধা বঞ্চিত মহিলাদের জীবন যাত্রার মান উন্নয়ন প্রকল্পের আওতায় নারী উন্নয়ন সমিতির ০২টি নারী উন্নয়ন সমবায় সমিতি লিঃ এর ২০০ জন মহিলা সদস্যদের মধ্যে ২,৪০,০০,০০০/= টাকা সুদ বিহীন ঋণ প্রদান করা ঋন আদায়ের পরিমাণ- ৬৩৩০৬০০= টাকা। এছাড়া দাপ্তরিক কার্য ক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | সিদ্ধান্তঃ খেলাপী ঋণ আদায়ের জন্য বিধি মোতাবেক সার্টি ফিকেট মামলা করার জন্য অনুরোধ জানান। | ১। উপজেলা সমবায় কর্ম কর্তা, টুঙ্গিপাড়া |

## উপজেলা সমাজ সেবা কর্ম কর্তার কার্য ালয়, টুঙ্গিপাড়া

| | | |
|---|---|---|
| সভায় উপজেলা সমাজ সেবা কর্ম কর্ত, টুঙ্গিপাড়া জানান যে, এ উপজেলায় এখন পর্য ন্ত১৩,৭০০ ভাতাভোগীর তথ্য অনলাইনে এমআইএস সম্পন্ন করা হয়েছে। বাকীদের তথ্য ঢোকানোর প্রক্রিয়া চলমান রয়েছে। এছাড়া দপ্তরিক অন্যান্য কার্য ক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | ---০--- | ১। উপজেলা সমাজ সেবা কর্ম কর্তা, টুঙ্গিপাড়া |

## উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্য ালয়, টুঙ্গিপাড়া

| | | |
|---|---|---|
| সভায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, টুঙ্গিপাড়া জানান যে, টুঙ্গিপাড়া উপজেলায় ৯৭২ টন ধান ক্রয়ের কথা থাকলেও এখনো লক্ষ মাত্রা অর্জিত হয়নি। এখনো ৮৫৬ টন ধান সংগ্রহ বাকী আছে। এ বিষয়ে সকল ইউ,পি চেয়ারম্যানদের সার্বি ক সহযোগিতা কামনা করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | সিদ্ধান্তঃ সকল ইউ,পি চেয়ারম্যানদের ধান সংগ্রহের জন্য সার্বি ক সহযোগিতা করার অনুরোধ জানান। | ১। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, টুঙ্গিপাড়া |

## উপজেলা সহকারী প্রকৌশলী, বিএডিসিএর কার্য ালয়, টুঙ্গিপাড়া

| | | |
|---|---|---|
| সভায় উপজেলা সহকারী প্রকৌশলী, বিএডিসি, টুঙ্গিপাড়া জানান যে, দাপ্তরিক কার্য ক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | ---০--- | ১। সহকারী প্রকৌশলী, বিএডিসি, টুঙ্গিপাড়া |

## উপজেলা দারিদ্র বিমোচন কর্ম কর্তার কার্য ালয়,টুঙ্গিপাড়া

| | | |
|---|---|---|
| সভায় উপজেলা দারিদ্র বিমোচন কর্ম কর্ত, টুঙ্গিপাড়া জানান যে, দারিদ্র বিমোচন কর্ম কর্তার কার্য ালয়ের মাধ্যমে টুঙ্গিপাড়া উপজেলায় বরাদ্দপ্রাপ্তি সাপেক্ষে স্ট্রীট সোলার লাইট স্থাপন করা হবে। উক্ত কাজে সকলের সার্বি ক সহযোগিতা কামনা করেন। | ---০--- | ১। উপজেলা দারিদ্র বিমোচন কর্ম কর্তা, টুঙ্গিপাড়া |

## চেয়ারম্যান, পাটগাতী ইউনিয়ন পরিষদ, টুঙ্গিপাড়া

| | | |
|---|---|---|
| সভায় চেয়ারম্যান, পাটগাতী ইউনিয়ন পরিষদ, টুঙ্গিপাড়া জানান যে, উন্নয়নমূলক যে সকল কাজ সম্পন্ন হয়েছে সে সকল কাজের বিল দ্রুত ছাড় করণের জন্য সভায় অনুরোধ জানান। | ---০--- | ১। উপজেলা প্রকৌশলী, টুঙ্গিপাড়া |

## চেয়ারম্যান, গোপালপুর ইউনিয়ন পরিষদ, টুঙ্গিপাড়া

| | | |
|---|---|---|
| সভায় চেয়ারম্যান, গোপালপুর ইউনিয়ন পরিষদ, টুঙ্গিপাড়া জানান যে, সবজি মার্কেট চাপরাইল ব্রীজের আশপাশে হলে ভালো হয়। ব্রীজ থেকে কিছুটা এগিয়ে একটি সরকার খাস জায়গা আছে। উক্ত স্থানে সবজি মার্কেট করা যেতে পারে। | ---০--- | ১। উপজেলা প্রকৌশলী, টুঙ্গিপাড়া |

## চেয়ারম্যান, ডুমরিয়া ইউনিয়ন পরিষদ, টুঙ্গিপাড়া

| | | |
|---|---|---|
| সভায় চেয়ারম্যান, ডুমরিয়া ইউনিয়ন পরিষদ, টুঙ্গিপাড়া জানান যে, তার ইউনিয়নে প্রকৃত কৃষকে সংখ্যা অনেক। ধান ক্রয়ের জন্য কার্ড ছেড়ে দেওয়া হয়েছে।মাতৃত্বকালীন ভাতার ৭টি কার্ডে র জন্য তালিকা দ্রুতই প্রদান করা হবে। | ---০--- | ১। চেয়ারম্যান, ডুমরিয়া ইউনিয়ন পরিষদ, টুঙ্গিপাড়া |

## চেয়ারম্যান, কুশলী ইউনিয়ন পরিষদ, টুঙ্গিপাড়া

| | | |
|---|---|---|
| সভায় চেয়ারম্যান, কুশলী ইউনিয়ন পরিষদ, টুঙ্গিপাড়া জানান যে, তার ইউনিয়নের তথ্য সেবা কেন্দ্রটি ইউনিয়ন পরিষদে নেই। তাছাড়া তথ্য সেবা কেন্দ্রে কি কি মালামাল এখন পর্য ন্ত সরবরাহ করা হয়েছে। সে বিষয়ে তিনি অবগত নন। তথ্যসেবা কেন্দ্রটি ইউনিয়ন পরিষদে নেওয়ার জন্য অনুরোধ জানান। সভায় তিনি আরও জানান যে, তার ইউনিয়নে কিছু ভূমিহীনদের নাম তালিকা থেকে বাদ পড়েছে। বাদপড়া ভূমিহীনদের তালিকা সংযুক্ত করার অনুরোধ জানান। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ---০--- | ১। চেয়ারম্যান, কুশলী ইউনিয়ন পরিষদ, টুঙ্গিপাড়া |

## ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টুঙ্গিপাড়া

| | | |
|---|---|---|
| সভায় ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টুঙ্গিপাড়া জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে একটি অত্যাধুনিক এক্স-রে মেশিন আছে কিন্তু উক্ত মেশিন ব্যবহার করা হয় না। হাসপাতালের এক্স-রে মেশিনটি চালু হলে গরীব-অসহায় মানুষগুলো উপকৃত হতো। সভায় তিনি আরও জানান য, লেবুতলা হতে বরিশাল পর্য ন্ত রাস্তা নির্ম াণ কাজের জন্য এলাকার পার্শ্ববর্তী জমির ফসল নষ্ট হয়ে যাচ্ছ। এ বিষয়ে ব্যবস্থা নেওয়ার জন্য সভায় অনুরোধ জানান। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ---০--- | ১। উপজেলা প্রকৌশলী, টুঙ্গিপাড়া |

## উপজেলা পরিষদের জন্য দৈনিক হাজিরা ভিত্তিতে মালী নিয়োগ সংক্রান্ত

| | | |
|---|---|---|
| সভায় সভাপতি জানান যে, উপজেলা পরিষদে দৈনিক হাজিরা ভিত্তিতে কর্ম রত মালী জনাব মনির মোল্লা গত চলতি মাস থেকে কাজে আসছেন না। জনাব মনির মোল্লা মালী পদ হতে স্বেচ্ছায় অব্যাহতি প্রদান করেছেন। এমতাবস্থায়, উক্ত মালী পদের জন্য জনাব আশারাত বিশ্বাস, পিতা- মোঃ ইসমাইল বিশ্বাস, মাতা- ফুলজান বেগম, গ্রাম+ডাকঘর- গিমাডাঙ্গা, উপজেলা- টুঙ্গিপাড়া, জেলা- গোপালগঞ্জ কে নিয়াগ দেওয়ার জন্য সুপারিশসহ প্রস্তাব উপস্থান পরেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | সিদ্ধান্তঃ জনাব আশারাত বিশ্বাস, পিতা- মোঃ ইসমাইল বিশ্বাস, মাতা- ফুলজান বেগম, গ্রাম + ডাকঘর- গিমাডাঙ্গা, উপজেলা- টুঙ্গিপাড়া, জেলা- গোপালগঞ্জ কে মালী পদে নিয়োগ দেওয়ার জন্য সর্ব সম্মত সিদ্ধান্তগৃহীত হয় এবং আগামী ০১/০৮/২০২১ তারিখের মধ্যে কাজে যোগদানের জন্য অনুরোধ জানানো হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।<br>২। উপজেলা নির্ব াহী অফিসার, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ। |

অতঃপর সভায় অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ সোলায়মান বিশ্বাস)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্ব াহীঅফিসারের কার্য ালয়
টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।

স্মারক নং-০৫.৩০.৩৫৯১.০০৬.০০.০০১.১২-৮৫৮ তারিখঃ ২৯/০৭/২০২১খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।

০৪। জেলা প্রশাসক, গোপালগঞ্জ।

০৫। মাননীয় জাতীয় সংসদ সদস্যের প্রতিনিধি, গোপালগঞ্জ-৩।

০৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, গোপালগঞ্জ।

০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টুঙ্গিপাড়া।

০৮। মেয়র, টুঙ্গিপাড়া পৌরসভা, টুঙ্গিপাড়া।

০৯। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টুঙ্গিপাড়া।

১০। উপজেলা ..............................................কর্ম কর্তা টুঙ্গিপাড়া/অফিসার ইনচার্জ, টুঙ্গিপাড়া থানা, গোপালগঞ্জ।

১১। চেয়ারম্যান .................................................... ইউপি (সকল), টুঙ্গিপাড়া।

১২। জনাব .........................................................................................................

(এ. কে. এম. হেদায়েতুল ইসলাম)
উপজেলা নির্ব াহীঅফিসার
টুঙ্গিপাড়, গোপালগঞ্জ।
ফোন নং-(০২) ৬৬৫৬২০২